



জামায়াত-এনসিপি ক্ষমতায় বসে নির্বাচন করছে: মির্জা আব্বাস



মির্জা আব্বাস | ছবি: সংগৃহীত

ঢাকা-৮ আসনের বিএনপি প্রার্থী মির্জা আব্বাস অভিযোগ করেছেন, ড. ইউনূসকে ক্ষমতায় বসিয়েছে জামায়াত ও তাদের সহযোগী এনসিপি। সরকার প্রধানের বক্তব্যের উল্লেখ করে তিনি বলেন, যারা তাকে ক্ষমতায় এনেছে, তারাই এখন ক্ষমতার প্রভাব ব্যবহার করে নির্বাচন পরিচালনা করছে।

বৃহস্পতিবার (৫ ফেব্রুয়ারি) সন্ধ্যায় রাজধানীর মোতালেব প্লাজায় এক মতবিনিময় সভায় তিনি এসব কথা বলেন। আব্বাস দাবি করেন, একটি পুরোনো গোষ্ঠী এখনও বাংলাদেশের স্বাধীনতা ও সার্বভৌমত্ব মন থেকে মেনে নিতে পারেনি। তারা নিয়মিত বিএনপির বিরুদ্ধে কটুক্তি করছে এবং ভোটের পরিবেশ নষ্টের চেষ্টা চালাচ্ছে। কর্মী-সমর্থকদের ভোটকেন্দ্রে সতর্ক অবস্থানে থাকার আহ্বান জানান তিনি।

তিনি আশঙ্কা প্রকাশ করে বলেন, প্রশাসনে থাকা একটি পক্ষ ভোটের ফল পাল্টে দিতে পারে। কিছু রাজনৈতিক দল ক্ষমতায় যাওয়ার আশায় বিদেশিদের সঙ্গে সমঝোতায় জড়িয়েছে বলেও অভিযোগ তোলেন তিনি। তার ভাষ্য, একটি নির্দিষ্ট দলকে জেতাতে নানা তৎপরতা চলছে; না পারলে নির্বাচন বানচালের চেষ্টা হবে।

ভোট কারচুপির শঙ্কার কথা তুলে বিএনপির এই নেতা বলেন, ফলাফল বিকৃত করার পরিকল্পনা থাকতে পারে। জিয়াউর রহমানের ভূমিকা নিয়ে বিএনপির অবস্থান অনেকের কাছে অস্বস্তিকর বলেও মন্তব্য করেন তিনি। জনগণের সঙ্গে প্রতারণা না করার হুঁশিয়ারি দিয়ে আব্বাস বলেন, ভোটের ফল মেনেই তারা ঘরে ফিরবেন।

বিরোধীদের উদ্দেশ্যে তিনি আরও বলেন, তাকে উসকানি দিয়ে কোনো অঘটন ঘটাতে চাওয়া হচ্ছে। তবে নির্বাচনের আগে তিনি কোনো বিশৃঙ্খলায় জড়াবেন না বলেও জানান।